গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা-১২১২।

নং-স্বাঃ/অধিঃ/হিসাব/এপিপি /২০২৬/ ১৯৬৮ তারিখঃ ০৮/০৭/২০২৬

বিষয় ঃ চলতি ২০২৬-২০২৭ অর্থ বৎসরে পরিচালন (রাজস্ব) খাতে ক্রয়ের খসড়া বাৎসরিক ক্রয় পরিকল্পনা (এপিপি) প্রণয়ন প্রসঙ্গে।

সূত্রঃ- ১। ৪৫.০০.০০০০.১৩৯.০৫৫.২০২৪-৫২৪ তাং-১২/০৪/২০২৬ খ্রিঃ।
২। ০৭.১০১.০২০.০০.০০.০১৩.২০২৫-৬৪৪ তাং ২০/০৪/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সকল প্রতিষ্ঠান বাজেট সার্কুলার-১ ও ২ অনুসরন পূর্বক বাজেট করেছেন এবং ১লা জুলাই/২০২৬ এ স্ব স্ব প্রতিষ্ঠানের বাজেট আইবাসে পেয়েছেন তারা পিপিআর-২০২৫ বিধি-২৪ ও ২৫ অনুসরন পূর্বক এবং ইতিপূর্বে স্মারক নং- স্বাঃ অধিঃ/হিসাব/এপিপি/২০২৬/১৭৪০, তারিখঃ ২১/০৪/২০২৬ ইং মোতাবেক প্রস্তুকৃত খসড়া এপিপি অনুযায়ী চলমান ২০২৬-২০২৭ অর্থবছরের এপিপি eGP সিস্টেমে অনলাইনে অন্তর্ভুক্ত করে আগামী ১৫/০৭/২০২৬ ইং তারিখের মধ্যে অনুমোদন গ্রহণ করবেন এবং ৩০/০৭/২০২৬ ইং তারিখের মধ্যে সকল দরপত্রের বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করবেন।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সহ অন্যান্য যেসকল প্রতিষ্ঠান স্বাস্থ্য অধিদপ্তর হতে বাজেট প্রাপ্ত হন তারা বাজেট প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ইজিপি সিস্টেমে এপিপির অনুমোদন করাবেন এবং পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে দরপত্রের বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

উল্লেখ্য মেডিকেল কলেজ এবং বিশেষায়িত হাসপাতাল সমূহ মহাপরিচালক মহোদয়ের নিকট হতে এবং ২৫০ শয্যা ও তদনিম্ন প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক মহোদয়ের নিকট হতে এপিপির অনুমোদন নিবেন।

স্থানীয় ক্রয়কারীগণ নিজস্ব প্রয়োজনে বাজেট পুনঃউপযোজন ও পুনঃবিভাজন গ্রহণ করলে পিপিআর-২০২৫ বিধি-২৬ অনুসরনপূর্বক ক্রয় পরিকল্পনা হালনাগাদ করণ করবেন।

দরপত্রের প্রশাসনিক অনুমোদনের ক্ষেত্রে "আর্থিক ক্ষমতা অর্পণ, ২০২৬" এর অনুচ্ছেদ- ৪,৫ অনুসরন পূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিচালক(স্বাস্থ্য) আয়োজিত বিভাগীয় মাসিক সমন্বয় সভা ও সিভিল সার্জন আয়োজিত জেলার মাসিক সমন্বয় সভায় আবশ্যিকভাবে ব্যয় ব্যবস্থাপনা ও ক্রয়ের অগ্রগতি পর্যালোচনা করবেন এবং সভার রেজুলেশন উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৮.০৭.২০২৬
(ডাঃ শেখ ইফতেখার রহমান)
পরিচালক (অর্থ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

কার্যার্থে বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে):

১. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল সমূহ (সকল)/ বিশেষায়িত স্নাতকোত্তর ইন্সটিটিউট ও হাসপাতাল সমূহ/ বিশেষায়িত হাসপাতাল সমূহ (সকল)/ সিএমএসডি/নিমিউ/টেমো/ডিএনসিসি।
২. পরিচালক, (স্বাস্থ্য) সংশ্লিষ্ট বিভাগ (সকল)।
৩. তত্ত্বাবধায়ক, (উপপরিচালক), জেনারেল হাসপাতালসমূহ (সকল)/ সহকারী পরিচালক, জেলা হাসপাতালসমূহ (সকল)/ সহকারী পরিচালক অন্যান্য হাসপাতালসমূহ (সকল)।
৪. সিভিল সার্জন (সকল)।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) এবং প্রাতিষ্ঠানিক কোড-১২৭০২১৪ গ্রুপের সকল ডিডিও গন।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৩. অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা, হাসপাতাল/রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. যুগ্ম সচিব, বাজেট -৪, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

৮/৭/২৬
(ডাঃ শামীম আলম)
সহকারী পরিচালক (হিসাব)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

CamScanner